



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে স্টেটের সব বিশিষ্ট স্থানগুলি বর্ন দিস ওয়ে ফাউন্ডেশনের #BEKIND21 ক্যাম্পেইন উপলক্ষে বেগুনি, নীল, লাল, গোলাপী আলোয় আলোকিত করা হবে

স্টেটের 11-টি বিশিষ্ট স্থান আলোকিত করা হবে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে, এগারোটি রাজ্যের বিশিষ্ট স্থান বেগুনি, নীল, লাল এবং গোলাপী আলোয় আলোকিত করা হবে সেপ্টেম্বর 21 তারিখে, বর্ন দিস ওয়ে ফাউন্ডেশনের বার্ষিক #BeKind21 ক্যাম্পেইন উদযাপনের জন্য আরো দয়ালু আরো সংযুক্ত সম্প্রদায় তৈরি করার জন্য যারা মানসিক সুস্থতার লালন করে।

"আজকের তরুণরা তাদের মানসিক স্বাস্থ্যের উপর চাপের সম্মুখীন হয় যা কয়েক দশক আগের প্রজন্মের কাছে অজানা ছিল," **গভর্নর হোচুল বলেন।** "এটা খুবই গুরুত্বপূর্ণ যে আমরা তাদের মধ্যে মানসিক সুস্থতাকে উৎসাহিত করি এবং নিশ্চিত করি যে নিজেদের নিরাপদ এবং সুস্থ রাখার জন্য তাদের কাছে সংস্থান সহজলভ্য। আমি লেডি গাগা এবং বর্ন দিস ওয়ে ফাউন্ডেশনকে তাদের অক্লান্ত পরিশ্রমের জন্য ধন্যবাদ জানাতে চাই এবং তাদের জানাতে চাই যে নিউ ইয়র্ক স্টেট তাদের প্রতিটি পদক্ষেপে তাদের সাথে রয়েছে।"

লেডি গাগা, বর্ন দিস ওয়ে ফাউন্ডেশনের সহ-প্রতিষ্ঠাতা বলেন, "আমি যে রাজ্যে জন্মেছি তাকে খুব ভালোবাসি, এবং 21 সেপ্টেম্বর, আমি বিশ্বকে দেখাতে উচ্ছাসিত যে নিউ ইয়র্কবাসীর কিভাবে দয়ার মাধ্যমে নেতৃত্ব দেয় এবং অনুপ্রাণিত করে। এবং যখন আমরা আমাদের #BeKind21 ক্যাম্পেইনের সমাপ্তি উদযাপন করছি, আমরা সব সময় দয়ালু থাকার জন্য পদক্ষেপ নেওয়ার উদ্দেশ্যে আহ্বান অব্যাহত রাখি। পৃথিবী সম্প্রতি ভারাক্রান্ত হয়ে উঠেছে, এবং মাঝে মাঝে বহু মানুষের জন্য সব কিছু এত অন্ধকার বোধ হয়েছে যে আশা খুঁজে পাওয়া কঠিন হতে পারে। সুতরাং আসুন আমরা একে অপরকে উপরে তুলে ধরি, এবং নিউ ইয়র্কে এবং সর্বত্র দয়ার মাধ্যমে এগিয়ে যাওয়ার পথটি আলোকিত করি।"

যে যে স্মৃতিসৌধ আলো দিয়ে সাজানো হবে তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- Governor Mario M. Cuomo Bridge
- Kosciuszko Bridge
- The H. Carl McCall SUNY Building

- State Education Building
- Alfred E. Smith State Office Building
- State Fairgrounds - Main Gate & Expo Center
- The "Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge
- Grand Central Terminal - Pershing Square Viaduct
- Albany International Airport Gateway
- The Lake Placid Olympic Jumping Complex
- MTA LIRR - East End Gateway at Penn Station

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)